গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.bkkf.portal.gov.bd

# জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের ২১তম বোর্ড সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া<br>মাননীয় উপদেষ্টা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়<br>এবং<br>চেয়ারম্যান<br>জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, পরিচালনা বোর্ড |
| সভার তারিখ | : | ১৯ জুন ২০২৫ খ্রি. |
| সভার সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | জাতীয় ক্রীড়া পরিষদের সম্মেলন কক্ষ (৫ম তলা) |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক'

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এবং জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের চেয়ারম্যান সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত ছিলেন জনাব মোঃ মাহবুব-উল-আলম, সম্মানিত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং ভাইস চেয়ারম্যান, জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন। সভাপতির নির্দেশক্রমে পরিচালনা বোর্ডের সদস্য-সচিব জনাব কৃষ্ণেন্দু সাহা আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় আলোচ্য বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনান্তে সর্বোসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

## ০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন

**আলোচনাঃ** সভায় সদস্য-সচিব বিগত ১৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের ২০তম বোর্ড সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহের অগ্রগতি উপস্থাপন করেন।

**সিদ্ধান্তঃ** ফাউন্ডেশনের ২০তম বোর্ড সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদন করা হয়।

## ০২। ২০২৪-২৫ অর্থবছরের অতিরিক্ত ২৬ জনের ক্রীড়াভাতা ভূতাপেক্ষ অনুমোদন

**আলোচনাঃ** সভায় সদস্য-সচিব জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে মাসিক/এককালীন ক্রীড়াভাতা প্রদানের ক্ষেত্রে সারা দেশ হতে অনলাইনে সর্বমোট ২৮০৭টি আবেদন পাওয়া যায়। ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব বাজেটে বিশেষ অনুদান খাতে বরাদ্দ ৩ কোটি ৯৬ লক্ষ ৬৫ হাজার টাকা বরাদ্দ রয়েছে। ২০তম বোর্ড সভার অনুমোদনক্রমে বরাদ্দকৃত অর্থের মাধ্যমে ১৬৫২ জন ক্রীড়াসেবীকে ৩ কোটি ৯৬ লক্ষ ৪৮ হাজার টাকা ক্রীড়াভাতা প্রদান করা হয়। তদুপরি ১৭ হাজার টাকা অবশিষ্ট থাকে।

অর্থ মন্ত্রণালয় ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বাজেটে কল্যাণ অনুদান (৩৬৩১১০৭) খাতে অতিরিক্ত ৬ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের ফলে উক্ত খাতে ৬ লক্ষ ১৭ হাজার টাকা অবশিষ্ট রয়ে যায়। উক্ত ৬ লক্ষ ১৭ হাজার টাকার সাথে সিডমানির মুনাফা হতে আরো ০৭ হাজার টাকা সমন্বয় করে ফাউন্ডেশনের মাননীয় চেয়ারম্যান-এর অনুমোদনক্রমে ২৬ জন ক্রীড়াসেবীকে ৬ লক্ষ ২৪ হাজার টাকা ক্রীড়াভাতা প্রদান করা হয়। সেপ্রেক্ষিতে সর্বমোট ১৬৭৮ জন ক্রীড়াসেবীকে ০৪ কোটি ০২ লক্ষ ৭২ হাজার টাকা ক্রীড়াভাতা প্রদান করা হয়েছে।

**সিদ্ধান্তঃ** ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব বাজেটের অতিরিক্ত অর্থ ও সীডমানির মুনাফা হতে ২৬ জন ক্রীড়াসেবীকে ০৬ লক্ষ ২৪ হাজার টাকা ক্রীড়াভাতা প্রদানের বিষয়টি সর্বোসম্মতক্রমে ভূতাপেক্ষভাবে অনুমোদিত হয়।

**০৩। ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান সংক্রান্ত**

**আলোচনাঃ** সভায় সদস্য-সচিব জানান যে, ২০২৫ সালের ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান কার্যক্রম আগস্ট,২০২৫-এ আরম্ভ করা হবে। সে প্রেক্ষিতে সফটওয়্যার তৈরি ও সংরক্ষণ, পত্রিকায় বিজ্ঞাপন, যাচাই-বাছাই কমিটির সভা ও বোর্ড সভার সম্মানী এবং ক্রীড়া শিক্ষা বৃত্তি অনুষ্ঠান পরিচালনার জন্য ২০তম বোর্ড সভায় অনুমোদিত ১১,০০,০০০ (এগারো লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুতের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ** ২০২৫ সালে "ক্রীড়া শিক্ষা বৃত্তি" প্রদানের নিমিত্ত কার্যক্রমটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**০৪। চিকিৎসা ও আর্থিক সহায়তা ভূতাপেক্ষ অনুমোদন**

**আলোচনাঃ** জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক সিডমানির মুনাফা হতে ১৭-০২-২০২৫ হতে ১৯-০৬-২০২৫ তারিখ পর্যন্ত ১৭ জন ক্রীড়াসেবীকে সর্বমোট ২৭,৬২,০০০/- (সাঁতাইশ লক্ষ বাষট্টি হাজার) টাকা আর্থিক ও চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন। তিনি আরও উল্লেখ করেন যে, এবছর মোট ২৪ জনকে সর্বমোট ৩৫ লক্ষ ২২ হাজার টাকা আর্থিক ও চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ** আর্থিক ও চিকিৎসা সহায়তা বাবদ ১৭ জন ক্রীড়াসেবীকে সর্বমোট ২৭ লক্ষ ৬২ হাজার টাকা প্রদানের বিষয়টি ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**০৫। নীতিমালা সংক্রান্ত**

**আলোচনাঃ** ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সভাকে অবহিত করেন যে, অধ্যাদেশ নং- ২৭,২০২৫ হিসেবে জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন,২০১১ নামে সংশোধিত হয়। কিন্তু বর্তমানে ফাউন্ডেশনের কার্যক্রম পরিচালনার জন্য ০২ (দুই)টি নীতিমালা অনুসরণ করা হচ্ছে। নুতন অধ্যাদেশ জারি ও মাঠ পর্যায়ের কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে কর্মশালায় উপস্থিত সদস্যবৃন্দ পূর্বের ০২ (দুই)টি নীতিমালা সংশোধন করে পৃথক পৃথক ০৩ (তিন)টি নীতিমালা যথাক্রমে (০১) ক্রীড়াভাতা নীতিমালা-২০২৫, (০২) ক্রীড়া শিক্ষা বৃত্তি

নীতিমালা-২০২৫ এবং (০৩) চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা-২০২৫ প্রস্তুতের জন্য প্রস্তাব দেন। সে আলোকে সদস্য-সচিব সভায় জানান যে, ০৩ (তিন)টি নীতিমালা প্রস্তুতের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।

**সিদ্ধান্তঃ** সভায় ০৩ (তিন)টি নীতিমালা প্রস্তুতের নীতিগত সিদ্ধান্ত সর্বোসম্মতিক্রমে গৃহীত হয়।

**০৬। ২০২৪-২৫ অর্থবছরের বাজেট অনুমোদন**

**আলোচনাঃ** সভায় সদস্য-সচিব ২০২৪-২৫ অর্থবছরের খাতওয়ারী আয়-ব্যয় উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যগণ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্তঃ** ২০২৪-২৫ অর্থবছরের খাতওয়ারী আয়-ব্যয়ের হিসাব সর্বোসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**০৭। বিবিধ**

(ক) **বকেয়া বিদ্যুৎ বিলঃ** সদস্য সচিব সভায় জানান যে, জানুয়ারী,২০২৫ হতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রশাসন শাখা অত্র ফাউন্ডেশন অফিসে কার্যক্রম পরিচালনার ফলে অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহৃত হওয়ায় জানুয়ারী/২৫ হতে জুন/২৫ পর্যন্ত আনুমানিক ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সভায় সদস্য সচিব সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান।

**সিদ্ধান্তঃ** আগামী ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব বাজেট হতে বকেয়া বিদ্যুৎ বিলের ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভায় সভাপতি উল্লেখ করেন যে, নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে ফাউন্ডেশনের সকল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে হবে। আর্থিক সহায়তার পাশাপাশি ক্রীড়াসেবীদের জীবনমান উন্নয়নে বিকল্প কর্মসংস্থান, বিভিন্ন ভাতা ও সহায়তা প্রদানের ক্ষেত্রে দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ এবং দেশের ক্রীড়াক্ষেত্রে অবদানের জন্য ক্রীড়াসেবীদের এ্যাপ্রিসিয়েশনসহ সাসটেইনেবল ব্যবস্থাপনার মাধ্যমে সহযোগিতা প্রদান করার নিমিত্ত নির্দেশনা প্রদান করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

25.08.25

আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া
মাননীয় উপদেষ্টা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
এবং
চেয়ারম্যান, জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

নং-৩৪.০৫.০০০০.০০০.৩২.০৮২.১৯(অংশ)- ১১৩৭ তারিখঃ ২৫ জুন ২০২৫ খ্রি.

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট;
৪. অতিরিক্ত সচিব (ক্রীড়া-১ অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
৫. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান;
৬. অধ্যাপক ডাঃ কে,এম, দিদারুল ইসলাম, চেয়ারম্যান, শিশু সার্জারি বিভাগ, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা;
৭. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ;
৮. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর;
৯. প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিবের নীচে নয়);
১০. প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্মসচিবের নীচে নয়);
১১. প্রতিনিধি, স্বাস্থ্য সেবা বিভাগ (যুগ্মসচিবের নীচে নয়);
১২. প্রতিনিধি, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (যুগ্মসচিবের নীচে নয়);
১৩. প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (যুগ্মসচিবের নীচে নয়);
১৪. প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (যুগ্মসচিবের নীচে নয়);
১৫. প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (যুগ্মসচিবের নীচে নয়);
১৬. সভাপতি, বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থা;
১৭. ড. সালমা আরজু, উপ-পরিচালক, শারীরিক শিক্ষা কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়;
১৮. জনাব মোঃ সাদিকুজ্জামান, ক্রিকেট কোচ, কলাবাগান ক্রীড়া চক্র, কলাবাগান, ঢাকা।

নং-৩৪.০৫.০০০০.০০০.৩২.০৮২.১৯(অংশ)- ১১৩৭ তারিখঃ ২৫ জুন ২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ;
০৪। সহকারী সচিব (ক্রীড়া-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। নির্বাহী কর্মকর্তা, জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন;
০৬। অফিস কপি।

২৫.০৬.২৫

(কৃষ্ণেন্দু সাহা)
নির্বাহী পরিচালক